

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.২৮০—ঢাকা মেডিক্যাল কলেজের সাবেক অধ্যক্ষ এবং বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি ও আজীবন সদস্য ডা. আবুল কাশেম গত ০৫ নভেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহে .... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৩ বছর।

২। ডা. আবুল কাশেমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৩ কার্তিক ১৪২৩/০৭ নভেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১৬০৩১)

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ২৩ কার্তিক ১৪২৩  
০৭ নভেম্বর ২০১৬

ঢাকা মেডিক্যাল কলেজের সাবেক অধ্যক্ষ এবং বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি ও আজীবন সদস্য ডা. আবুল কাশেম গত ০৫ নভেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিন্গাহে .... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৩ বছর।

ডা. আবুল কাশেম পশ্চিমবঙ্গের কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৪৩ সালে স্নাতক ও ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৪৮ সালে এমবিবিএস ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি ১৯৭৪ সালে এফসিপিএস ডিগ্রি লাভ করেন।

ডা. আবুল কাশেম ১৯৫০ সালে সহকারী সার্জন হিসাবে সরকারি চাকরিতে যোগদানের মাধ্যমে তাঁর কর্মজীবন শুরু করেন। ১৯৫৭ সালে তিনি ঢাকা মেডিক্যাল কলেজের এনাটমি বিভাগে প্রভাষক এবং ১৯৬৩-৬৮ সাল পর্যন্ত ময়মনসিংহ মেডিক্যাল কলেজের এনাটমি বিভাগে সহযোগী অধ্যাপক হিসাবে দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি তৎকালীন আইপিজিএমআর (বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়)-এর এনাটমি বিভাগের সহযোগী অধ্যাপক হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৭০-৭৯ সাল পর্যন্ত ডা. কাশেম ঢাকা মেডিক্যাল কলেজের এনাটমি বিভাগে অধ্যাপক হিসাবে নিযুক্ত ছিলেন। এই সময়ে তিনি ১৯৭৬ সালের মে থেকে ১৯৭৮ সালের অক্টোবর পর্যন্ত ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি রাজশাহী মেডিক্যাল কলেজেও অধ্যাপক হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৮১ সালে তিনি সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেন। কর্মজীবনে তিনি ছিলেন অত্যন্ত দক্ষ ও নিষ্ঠাবান।

বর্ণাঢ্য কর্মজীবনে এই প্রবীণ চিকিৎসক ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য, রাজশাহী বিশ্ববিদ্যালয় সিনেটের সদস্য, বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিলের সভাপতি, বাংলাদেশ এনাটমি সোসাইটির সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সদস্য ছিলেন।

ডা. আবুল কাশেম ব্যক্তিগতভাবে ছিলেন সদালাপী ও মিষ্টভাষী। তাঁর মৃত্যুতে জাতি একজন নিবেদিতপ্রাণ চিকিৎসককে হারাল। চিকিৎসা-ক্ষেত্রে সৃষ্টি হলে এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা ডা. আবুল কাশেমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd